



যুক্তরাষ্ট্রের সাথে উইন-উইন' শুল্ক চুক্তিতে আগ্রহী বাংলাদেশ: প্রেস সচিব



সংগৃহীত ছবি

বাংলাদেশসহ ১৪টি দেশের নেতাদের উদ্দেশ্যে চূড়ান্ত শুল্কের পরিমাণ উল্লেখ করে চিঠি পাঠিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বাংলাদেশ সোমবার চিঠিটি হাতে পেয়েছে বলে জানিয়েছেন প্রেস সচিব শফিকুল আলম।

আজ (৮ জুলাই) সকাল ৯টায় নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি জানান, বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দিনের নেতৃত্বে বাংলাদেশের একটি প্রতিনিধি দল বর্তমানে ওয়াশিংটন ডিসিতে অবস্থান করছে। প্রতিনিধি দলে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খালিলুর রহমানও রয়েছেন।

তিন মাস ধরে চলা আলোচনার পর বাংলাদেশ থেকে আমদানি করা পণ্যের ওপর ৩৫% শুল্ক চূড়ান্ত করেছেন ট্রাম্প। এর আগে ৩ এপ্রিল বাংলাদেশি পণ্যের ওপর ৩৭% শুল্ক নির্ধারণ করা হয়েছিল, যা আগে ছিল গড়ে ১৫%।

আগামী ৯ জুলাই যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে পরবর্তী বাণিজ্য আলোচনা অনুষ্ঠিত হবে বলে জানা গেছে। এই বৈঠকে বাংলাদেশি পণ্যের ওপর যুক্তরাষ্ট্রের আরোপিত চূড়ান্ত ৩৫% শুল্ক নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে। পাশাপাশি, বাংলাদেশ পক্ষ থেকে শুল্ক হার কমানোর অনুরোধ জানানো হতে পারে। আলোচনায় দুই দেশের মধ্যে বাণিজ্য ভারসাম্য, পণ্যের মান ও বাজার প্রবেশাধিকারের বিষয়গুলোও উঠে আসবে বলে আশা করা হচ্ছে